

**স্বর্ণ জয়ন্তীতে অর্থমন্ত্রী
 ওসমানী মেডিকেল কলেজ অর্চিয়েই
 বিশ্ববিদ্যালয়ের ঘোষণা আসবে**

প্রতিনিধি নিম্নে

অর্থমন্ত্রী আব্দুল মাল আবদুল মুহিত বলেছেন, নিম্নেটির দুটি প্রতিষ্ঠানের সঙ্গে আমার খুব ঘনিষ্ঠ সম্পর্ক। এর একটি ওসমানী মেডিকেল কলেজ এবং অন্যটি মদনমোহন বিশ্ববিদ্যালয় ও কলেজ। এ মেডিকেল কলেজকে বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের সীতিন্যস্ত সিদ্ধান্ত হয়েছে এবং অর্চিয়েই বিশ্ববিদ্যালয়ের চূড়ান্ত ঘোষণা আসবে। গতকাল বিকেলে ওসমানী মেডিকেল কলেজের ৫০ বছর পূর্ত অনুষ্ঠানের ২য় দিনে কলেজ ভাষ্যানে আরোজিত বর্ণিত্য সুবর্ণ জয়ন্তী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে স্বাস্থ্যমন্ত্রী অধ্যাপক ডা. সাজ্জাদ হক বলেন, জনগণের দোরগোড়ায় স্বাস্থ্যসেবা পৌঁছাতে সারাদেশে ১২ হাজার ১৩০টি কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে সেবা দেয়া হচ্ছে। এসব ক্লিনিকে প্রত্যয় শতাধিক স্বেচ্ছা চিকিৎসা সেবা নিচ্ছেন। ডোর টু ডোর চিকিৎসা সেবা করতে পর্যায়ক্রমে কমিউনিটি ক্লিনিকের সংখ্যা ১৮ হাজারে উন্নীত করার পরিকল্পনা হাতে নিয়োছে এ সরকার।

ওসমানী মেডিকেল কলেজের উপ-পরিচালক ডা. এহতেশামুল হক চৌধুরী দক্ষিণের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যদের মধ্যে বাংলাদেশ মেডিকেল অ্যাসোসিয়েশনের (বিএমএ) সভাপতি অধ্যাপক ডা. মাহবুব হান্নান ও মহানগর অধ্যাপক ডা. এম ইকবাল আর্সলান, নিম্নেটি জেলা শাখার সভাপতি ডা. কামাল উদ্দিন আহমদ, স্মৃতিসংঘে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি ড. একে মুন্সেরা, জাতীয় অধ্যাপিকা শাহমা খাতুন।

এর আগে দুপুরে মুক্তিযুদ্ধে গুরুত্বপূর্ণ অবদান রাখায় শহীদ মুক্তিযোদ্ধা ও বীর মুক্তিযোদ্ধা চিকিৎসকদের সম্মাননা প্রদান করা হয়। তারা হলেন, শহীদ মুক্তিযোদ্ধা ডা. শামসুদ্দিন। তার পক্ষে সম্মাননা গ্রহণ করেন তার পুত্র মুক্তনগরী প্রবাসী ডা. জিয়াউদ্দিন সাদেক। লে. কর্নেল জিয়াউর রহমানের সম্মাননা গ্রহণ করেন কলেজের অধ্যক্ষ অফুল আহমদ চৌধুরী। শহীদ মুক্তিযোদ্ধা ডা. শ্যামা বাস্তি দাসের পক্ষে সম্মাননা গ্রহণ করেন মুক্তিযোদ্ধা অধ্যাপক ডা. মুগেন কুমার দাস চৌধুরী। শহীদ নার্স মাহবুবুর রহমানের পক্ষে সম্মাননা গ্রহণ করেন হাসপাতালের কর্মচারী নূর মিয়া। শহীদ কোরবান আলীর পক্ষে সম্মাননা গ্রহণ করেন তার ছেলে তামিক উদ্দিন। বীর মুক্তিযোদ্ধা ডা. বিএন দেলওয়ার রানা পদক গ্রহণ করেন তার পুত্র ডা. রাহি মাহমুদ চৌধুরী। বীর মুক্তিযোদ্ধা ডা. হুগলিৎ পেরের পক্ষে তার পুত্র ডা. জালাল মামাদ। বীর মুক্তিযোদ্ধা নছরুল ইসলামের পক্ষে ডা. জাহেদ আহমদ মাদানী সম্মাননা পদক গ্রহণ করেন।